

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	প্রদীপ রঞ্জন চক্রবর্তী অতিরিক্ত সচিব ও এপিএ টিম প্রধান
সভার তারিখ	:	১৫/১২/২০১৯
সময়	:	সকাল ১০.০০ মিনিট
স্থান	:	সভাপতির অফিস কক্ষ।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি জানান যে, ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়নে সুরক্ষা সেবা বিভাগ ৫১টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ২২তম স্থান অর্জন করেছে। মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়নে সুরক্ষা সেবা বিভাগ ৮১টি কর্মসম্পাদন সূচকের মধ্যে ৬০টিতে শতভাগ অর্জন করেছে এবং ১২টি সূচকে কোনো অর্জন হয়নি। সার্বিক মূল্যায়ন অনুযায়ী সুরক্ষা সেবা বিভাগের প্রাপ্ত নম্বর ৮৮.৯৯। যে সকল সূচকে শতভাগ অর্জন হয়নি সে সকল সূচক-সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন সংক্রান্ত কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য মন্ত্রিপরিষদ সচিব মহোদয় এক আধা-সরকারি পত্রমূলে অনুরোধ জানিয়েছেন। তিনি উল্লেখ করেন যে, ২০১৭-২০১৮ অর্থবছরে এপিএ'তে ভালো ফল করার জন্য সুরক্ষা সেবা বিভাগ সম্মাননাপত্র প্রাপ্ত হয়েছিল। কিন্তু ২০১৮-২০১৯ অর্থবছরে সেই সাফল্য অর্জিত হয়নি বলে তিনি অসন্তোষ ব্যক্ত করেন। কোন্ কোন্ কারণে এ রকম হয়েছে তা অনুসন্ধান করে বের করে তার প্রতিকার করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

১১/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। এপিএ বার্ষিক মূল্যায়নে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়কে সম্মাননা প্রদান :

মন্ত্রিপরিষদ বিভাগের ১৭/১১/২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৯-৪৪ নং স্মারকে হতে জানা যায় যে, সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় কমিটি'র ২১ তম সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

“মন্ত্রণালয়/বিভাগ তার আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত দপ্তর/সংস্থাকে এবং দপ্তর/সংস্থা তার আওতাধীন মাঠপর্যায়ের কার্যালয়সমূহের এপিএ মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কার্যালয়কে সম্মাননা প্রদান করবে।”

উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ অনুরোধ জানিয়েছে।

০৪। এপিএ বিশেষজ্ঞ পুল পুনর্গঠন সংক্রান্ত :

মন্ত্রিপরিষদ বিভাগের ১৭/১১/২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৯-৪৩ নং স্মারকে বলা হয়েছে, এখন থেকে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট এপিএ সংক্রান্ত বিশেষজ্ঞ পুলে অবসরপ্রাপ্ত সচিবের পাশাপাশি মন্ত্রণালয়/বিভাগের এপিএ বিষয়ে অভিজ্ঞ অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব পদ মর্যাদার কর্মকর্তাগণকেও অন্তর্ভুক্ত করা যাবে। উক্ত স্মারক অনুযায়ী সুরক্ষা সেবা বিভাগের এপিএ বিশেষজ্ঞ পুল পুনর্গঠন করা যেতে পারে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।

০৪। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

- (৪.১) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ০৪ (চার)টি দপ্তরের এপিএ মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত দপ্তর/সংস্থাকে সম্মাননা প্রদান করার উদ্যোগ গ্রহণ করতে হবে;
- (৪.২) আওতাধীন ০৪ (চার)টি দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের এপিএ মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কার্যালয়সমূহকে সম্মাননা প্রদান করার জন্য এবং এ বিষয়ে অত্র বিভাগে প্রতিবেদন প্রেরণ করার জন্য দপ্তর/সংস্থা প্রধানগণকে বলতে হবে;
- (৪.৩) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এপিএ বিশেষজ্ঞ পুল পুনর্গঠন করতে হবে।

০৫। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)

১৫/১২/২০১৯

প্রদীপ রঞ্জন চক্রবর্তী

অতিরিক্ত সচিব

ও

এপিএ টিম প্রধান


সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ৫০/১

তারিখ : ৩০ পৌষ ১৪২৬
১৫ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
- ০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


১৫/১২/২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব